



পরিবেশ দূষণ নিয়ন্ত্রণে প্রধানমন্ত্রীর পর্যালোচনা সভা



ছবি: সংগৃহীত

পরিবেশ দূষণ নিয়ন্ত্রণে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি ও পরবর্তী করণীয় নিয়ে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৯ সেপ্টেম্বর) সকালে সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে এ সভা হয়।

সভায় পলিথিন ও প্লাস্টিকের অনিয়ন্ত্রিত ব্যবহার বন্ধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আরও কঠোরভাবে দায়িত্ব পালনের নির্দেশ দেন প্রধানমন্ত্রী।

একই সঙ্গে পলিথিন ও প্লাস্টিকের ব্যবহার নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থাগুলোকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের নির্দেশনা দেন তিনি।

সভায় পরিবেশবান্ধব ব্লক ইটের ব্যবহার বাড়ানোর বিষয়টি গুরুত্ব পায়। পাশাপাশি বায়ু, পানি, মাটি ও শব্দদূষণ নিয়ন্ত্রণে নেওয়া বিভিন্ন উদ্যোগ নিয়েও আলোচনা করা হয়।

বর্জ্য ব্যবস্থাপনাসহ পরিবেশ দূষণ রোধে সরকারের চলমান কর্মসূচিগুলোর বাস্তবায়ন পরিস্থিতি পর্যালোচনা করা হয়। এসব উদ্যোগ আরও কার্যকর করতে ভবিষ্যতে কী কী পদক্ষেপ নেওয়া হবে, তা নিয়েও সভায় আলোচনা হয়।